

“কৃষক ভাইদের জন্য সুখবর”

“কৃষক ভাইদের জন্য সুখবর”

অত্র ফুলবাড়ী উপজেলার সকল কৃষক ভাইদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

সরকার ঘোষিত নির্ধারিত মূল্যে সরকারী গুদামে আমন ধান সংগ্রহ করা হবে ।

প্রতি কেজি ধানের মূল্য ৩০/- টাকা অর্থাৎ প্রতি মণ ধান ১,২০০/- টাকা ।

পরিষ্কার পরিচ্ছন্ন, চিটা পাতান মুক্ত, ১৪% শুকনো ধান ক্রয় করা হবে ।

সে জন্য অত্র ফুলবাড়ী উপজেলায় চলতি আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে প্রকৃত কৃষকদের নাম অন্তর্ভুক্ত করা হচ্ছে ।

যারা সরকারী গুদামে আমন ধান বিক্রয় করতে ইচ্ছুক, তারা নিজ নিজ স্থানীয় ইউনিয়ন পরিষদে গিয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তার নিকট অথবা উপজেলা কৃষি অফিসে গিয়ে আগামী ৩০/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে জাতীয় পরিচয়পত্র ও কৃষি উপকরণ সহায়তা কার্ড সহ নাম অন্তর্ভুক্ত করার জন্য বলা হলো ।

পরবর্তীতে তালিকাভুক্ত কৃষকদের মধ্য হতে লটারীর মাধ্যমে কৃষক নির্বাচন করা হবে ।

প্রচারে

উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী

এবং

খাদ্য ও কৃষি বিভাগ

ফুলবাড়ী, দিনাজপুর ।